Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/০৬৭

তারিখঃ ২৯ মাঘ ১৪৩১
১২ ফেব্রুয়ারি ২০২৫

প্রাপক :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ আকাশপথের যাত্রীসাধরণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নির্দেশনা।

সূত্র: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের পরিপত্র নং-৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০.৭০, তারিখ: ১১/০২/২০২৫ খ্রি. (সংযুক্তি)

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আকাশপথের যাত্রীসাধরণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা সাথে পরিপত্রটি এদতসংগে প্রেরণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ২ পাতা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ
১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত সভাপতি/মহাসচিব/অর্থসচিব/... | সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/...
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং ২২৫
তারিখ ও সময় ১৪৩১ 12/2/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০.৭০ তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৫

## পরিপত্র

**বিষয় : আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নির্দেশনা**

সরকার আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করিল :

(ক) অনতিবিলম্বে গ্রুপ-টিকিট বুকিংসহ যেকোনো প্রকার টিকিট বুকিংকালে ভ্রমণেচ্ছু যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর ও পাসপোর্টের ফটোকপিসহ বুকিং সম্পন্ন করিতে হইবে। বুকিং প্রদানের তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট যাত্রীর নামে টিকিট ইস্যু না হইলে উক্ত তিন দিন বা ৭২ ঘন্টা উত্তীর্ণ হইবার সঙ্গে সঙ্গে এয়ারলাইন্স স্বয়ংক্রিয় পদ্ধতিতে উক্ত টিকিট বাতিলকরণ নিশ্চিত করিবে;

(খ) এই পরিপত্র জারির তারিখ পর্যন্ত এয়ারলাইন্স / ট্রাভেল এজেন্সি কর্তৃক গ্রুপ-বুকিং এর মাধ্যমে ইতোমধ্যে ব্লককৃত টিকিট আগামী সাত দিনের মধ্যে ভ্রমণেচ্ছু যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর এবং পাসপোর্টের কপিসহ বিক্রয় নিশ্চিত করিতে হইবে। অন্যথায় পরবর্তী তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট এয়ারলাইন্স এরূপ টিকিটসমূহ স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাতিল নিশ্চিত করিবে;

(গ) গ্রুপ-বুকিং এর ক্ষেত্রে টিকিটের প্রকৃত বিক্রয়মূল্য বিক্রয়ের সঙ্গে সঙ্গে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অবহিত করিতে হইবে এবং মন্ত্রণালয় উহা জনগণের অবগতির জন্য নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(ঘ) সকল প্রকার এয়ার টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে এবং বিক্রয়কৃত টিকিটের মূল্য অনলাইনে এবং টিকিটের গায়ে প্রদর্শিত থাকিতে হইবে;

(ঙ) এয়ারলাইন্স এবং ট্রাভেল এজেন্সিসমূহ আবশ্যিকভাবে বেসামরিক বিমান চলাচল বিধিমালা, ১৯৮৪ এর বিধি ২৮৯ এ বর্ণিত বাধ্যবাধকতা অনুযায়ী যথাযথভাবে Tariff filling এর বিধান প্রতিপালন করিবে এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) অনুমোদিত Tariff বেবিচকের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(চ) এয়ারলাইন্স কিংবা ট্রাভেল এজেন্সিসমূহ সংশ্লিষ্ট বিমানসংস্থা কর্তৃক বেবিচক বরাবর দাখিলকৃত ভাড়ার অতিরিক্ত ভাড়ায় টিকিট বিক্রয় করা হইতে বিরত থাকিবে। একইসাথে ট্রাভেল এজেন্সিসমূহ বাধ্যতামূলকভাবে যাত্রীকে এয়ারলাইন্স হইতে প্রাপ্ত মূল্য-সম্বলিত টিকিট প্রদান এবং উক্ত টিকিট বিক্রয়ের রশিদ প্রদান করিবে;

(ছ) চাহিদা না থাকা সত্ত্বেও কিংবা চাহিদার অতিরিক্ত টিকিট মজুদ করিয়া অন্য এজেন্টের মাধ্যমে এয়ার টিকিট বিক্রয়ের কারণে টিকিটের মূল্য বৃদ্ধি পাইলে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি-১৫ অনুযায়ী মূল ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ স্থগিত / বাতিল করা হইবে;

(জ) বাংলাদেশে ফ্লাইট পরিচালনাকারী এয়ারলাইন্স এবং ট্রাভেল এজেন্সিসমূহ ওয়ার্ক ভিসা নিয়ে বিদেশগামী শ্রমিক / কর্মীদের জন্য বিশেষ বিমান ভাড়ার (special airfare) ব্যবস্থা করিবে;

(ঝ) মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়াসহ প্রবাসী কর্মীদের টিকিট ভাড়া কমানোর জন্য আগামী সাত দিনের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ সকল এয়ারলাইন্স ও বোর্ড অব এয়ারলাইন্স রিপ্রেজেন্টেটিভস (বিএআর) পদক্ষেপ গ্রহণ করিবে;

(ঞ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী অনিবন্ধিত ট্রাভেল এজেন্সির মাধ্যমে টিকিট বিক্রয় বন্ধ করিতে হইবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

১১.০২.২০২৫

রুমানা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০১২৩৭
Email:dsca2@mocat.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা
৯. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা (দেশি-বিদেশি সকল এয়ারলাইন্সকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. অতিরিক্ত সচিব (পর্যটন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিবন্ধিত সকল ট্রাভেল এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন ৮তম তলা), ঢাকা-১২১৫
১২. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা মহাপরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৫০০ (পাঁচশত) কপি প্রেরণের জন্য অনুরোধক্রমে]
১৬. প্রোগ্রামার (আইসিটি সেল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭. চেয়ারম্যান, বোর্ড অব এয়ারলাইন্স রিপ্রেজেন্টেটিভস (BAR), কুর্মিটোলা, ঢাকা
১৮. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নতুন ইস্কাটন রোড, ঢাকা-১০০০
১৯. সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (ATAB), সাততারা সেন্টার (১৬ তলা), নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা
২০. সভাপতি, ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব), ৩য় তলা, আজম খান বিজনেস সেন্টার, ১০৫/ই পশ্চিম আগারগাও, কামাল সরণি, ঢাকা-১২০৭
২১. সভাপতি, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, ১৬ তলা, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০